# বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ লিখিত পরীক্ষা-২০২৫

পদের নাম: অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

পরীক্ষার তারিখ: ৩০-০৫-২০২৫

সময়: ৯০ মিনিট | পূর্ণমান: ৭০

## বাংলা

১. সন্ধি বিচ্ছেদ করুনঃ

(ক) রাজর্ষি এর সন্ধি বিচ্ছেদ = রাজা + ঋষি
(খ) মহৈশ্বর্য এর সন্ধি বিচ্ছেদ = মহা + ঐশ্বর্য
(গ) উচ্ছ্বাস এর সন্ধি বিচ্ছেদ = উৎ + শ্বাস
(ঘ) শিরশ্ছেদ এর সন্ধি বিচ্ছেদ = শিরঃ + ছেদ
(ঙ) শশাঙ্ক এর সন্ধি বিচ্ছেদ= শশ + অঙ্ক

২. অর্থসহ বাক্য রচনা করুনঃ

(ক) উড়নচণ্ডী অর্থ-অমিতব্যয়ীঃ
**বাক্যঃ** আতিক সাহেবের মতো উড়নচণ্ডী হলে আর্থিকভাবে স্বচ্ছল হওয়া সম্ভব নয়।

(খ) অর্ধচন্দ্র অর্থ-গলা ধাক্কাঃ
**বাক্যঃ** অভদ্র আচরণের কারণে কর্তৃপক্ষ তাকে অর্ধচন্দ্র দিয়ে বের করে দিলো।

(গ) গড্ডলিকা প্রবাহ অর্থ-অন্ধ অনুকরণঃ
**বাক্যঃ** যারা গড্ডলিকা প্রবাহে জীবন কাটায় তারা জীবনে উন্নতি করতে পারে না।

(ঘ) লেফাফা দুরস্ত অর্থ-বাইরে পরিপাটিঃ
**বাক্যঃ** তাকে দেখতে লেফাফা দুরস্ত মনে হলেও সে একটা মাকাল ফল।

(ঙ) মণিকাঞ্চন যোগ অর্থ- উপযুক্ত মিলনঃ
**বাক্যঃ** বর্ষায় বৃষ্টির দিনে খিঁচুড়ি আর মাংস যেন মণিকাঞ্চন যোগ।

৩. কারকসহ বিভক্তি নির্ণয় করুনঃ

(ক) জিজ্ঞাসিব জনে জনে। ⇒ কর্ম কারকে সপ্তমী বিভক্তি।
(খ) দেশের জন্য প্রাণ দাও। ⇒ সম্প্রদান কারকে ৬ষ্ঠী বিভক্তি।
(গ) সে ঘর থেকে বেরিয়ে গেল। ⇒ অপাদান কারকে ৫মী বিভক্তি।
(ঘ) শ্রম বিনা ধন লাভ হয় না। ⇒ করণ কারকে শূন্য বিভক্তি।
(ঙ) অহংকারই পতনের মূল। ⇒ করণ কারকে শূন্য বিভক্তি।

৪. এক কথায় প্রকাশ করুনঃ

(ক) অনুসন্ধান করার ইচ্ছা ⇒ অনুসন্ধিৎসা
(খ) ইন্দ্রিয়কে জয় করেছে যে ⇒ জিতেন্দ্রিয়
(গ) অপকার করার ইচ্ছা ⇒ অপচিকীর্ষা
(ঘ) ঈষৎ আমিষ গন্ধ যার ⇒ আঁষটে
(ঙ) কোথাও নত কোথাও উন্নত ⇒ বন্ধুর

## ইংরেজি-২০

৫. **Translate into English:**

(ক) গল্পটি পড়তে মজার।
**Ans:** The story is interesting/pleasant to read.
(খ) সে দুর্বল কিন্তু সাহসী।
**Ans:** He is weak but brave.
(গ) এই ঘরটি ভাড়া দেওয়া হবে।
**Ans:** The house is to let.
(ঘ) চরিত্র মানব জীবনের মুকুট।
**Ans:** Character is the coronet/crown of life.
(ঙ) আগুন নিভে গেছে।
**Ans:** The fire has gone out./ The fire was extinguished.

৬. **Correct the following sentences:**

(a) He is an one-eyed man.
**Ans:** He is a one- eyed man.
(b) I go there long ago.
**Ans:** I went there long ago.
(c) I, he and you will go there.
**Ans:** You, he and I will go there.
(d) I know the true fact.
**Ans:** I know the fact.
(e) He earns hundred taka day.
**Ans:** He earns hundred taka a day.

৭. **Fill in the blank:**

(a) **He hankers......... money.**
**Ans:** after

(b) **He has a zeal......... social work.**
**Ans:** for

(c) **He is true........... his master.**
**Ans:** to

(d) **He deals........... stationery goods.**
**Ans:** in

(e) **They live .......... catching fish.**
**Ans:** by

৮. **Correct the following words:**

| Wrong World | Correct World |
|---|---|
| Grivence | Grievance |
| Allagience | Allegiance |
| Sattellite | Satellite |
| Superstitous | Superstitious |
| Perseverence | Perseverance |

## গণিত-১৫

**৯। ১টি ছাগল ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ৫% লাভ হতো। ছাগলটির ক্রয়মূল্য কত?**

**বিদ্যাবাড়ি ব্যাখ্যা:**

ক্রয়মূল্য ১০০টাকা হলে,
১০% ক্ষতিতে বিক্রয়মূল্য (১০০ − ১০) = ৯০ টাকা
আবার,
৫% লাভে বিক্রয়মল্য (১০০ + ৫) = ১০৫ টাকা
বিক্রয়মূল্য বেশি (১০৫ − ৯০) = ১৫ টাকা
বিক্রয়মূল্য ১৫ টাকা বেশি হলে ক্রয়মূল্য ১০০ টাকা

বিক্রয়মূল্য ১ টাকা বেশি হলে ক্রয়মূল্য $\frac{১০০}{৫}$ টাকা

বিক্রয়মূল্য ৪৫০ টাকা বেশি হলে ক্রয়মূল্য $\frac{১০০ \times ৪৫০}{১৫}$ টাকা
= ৩০০০ টাকা

∴ উত্তর: ছাগলটির ক্রয়মূল্য ৩০০০ টাকা।

**শর্টকাট:**

$$\text{ক্রয়মূল্য} = \frac{১০০ \times \text{বিক্রয়মূল্য যত বেশি}}{১ম\% + ২য়\%}$$

$$= \frac{১০০ \times ৪৫০}{১০ + ৫}$$

$$= \frac{১০০ \times ৪৫০}{১৫}$$

= ৩০০০ টাকা

**১০. কোন কাজ রফিক ২০ দিনে এবং আতিক ৩০ দিনে করতে পারে। তারা একত্রে ৩ দিন কাজ করার পর বাকি কাজ আতিক একা সম্পন্ন করে। কাজটি কতদিনে শেষ হয়েছিল?**

**বিদ্যাবাড়ি ব্যাখ্যা:**

রফিক ১ দিনে করে = $\frac{১}{২০}$ অংশ

আতিক ১ দিনে করে = $\frac{১}{৩০}$ অংশ

তারা একত্রে ১ দিনে করে = $\left(\frac{১}{২০} + \frac{১}{৩০}\right) = \frac{৫}{৬০}$

∴ তারা একত্রে ৩ দিনে করে = $\frac{৫ \times ৩}{৬০} = \frac{১}{৪}$

অবশিষ্ট অংশ = $১ - \frac{১}{৪} = \frac{৩}{৪}$ অংশ

আতিক $\frac{১}{৩০}$ অংশ করে ১ দিনে

∴ আতিক ১ অংশ করে $\frac{১ \times ৩০}{১}$ দিনে

∴ আতিক $\frac{৩}{৪}$ অংশ করে $\frac{১ \times ৩০ \times ৩}{৪} = \frac{৪৫}{২} = ২২\frac{১}{২}$ দিনে

∴ কাজটি শেষ হয়েছিল = $৩ + ২২\frac{১}{২}$ দিনে

= $২৫\frac{১}{২}$ দিনে

১১. মান নির্ণয় করুন:

**ক) $a + \frac{1}{a} = 2$ হলে $a^4 + \frac{1}{a^4}$ = কত?**

বিদ্যাবাড়ি ব্যাখ্যা:

এখানে, $a + \frac{1}{a} = 2$

প্রদত্ত রাশি $= a^4 + \frac{1}{a^4}$

$$= (a^2)^2 + \left(\frac{1}{a^2}\right)^2$$
$$= \left(a^2 + \frac{1}{a^2}\right)^2 - 2.a^2.\frac{1}{a^2}$$
$$= \left\{\left(a + \frac{1}{a}\right)^2 - 2.a.\frac{1}{a}\right\}^2 - 2$$
$$= (2^2 - 2)^2 - 2$$
$$= (4 - 2)^2 - 2$$
$$= 2^2 - 2 = 4 - 2 = 2$$

**খ) $a = \sqrt{3} - \frac{1}{a}$ হলে, $a^3 + \frac{1}{a^3}$ = কত?**

বিদ্যাবাড়ি ব্যাখ্যা:

এখানে, $a = \sqrt{3} - \frac{1}{a}$ P

$\therefore a + \frac{1}{a} = \sqrt{3}$

প্রদত্ত রাশি $= a^3 + \frac{1}{a^3}$

$$= a^3 + \left(\frac{1}{3}\right)^3$$
$$= \left(a + \frac{1}{a}\right)^3 - 3.\ a.\ \frac{1}{a}\left(a + \frac{1}{a}\right)$$
$$= (\sqrt{3})^3 - 3.\sqrt{3}$$
$$= 3.\sqrt{3} - 3.\sqrt{3} = 0$$

## সাধারণ জ্ঞান-১২

**ক. জাতিসংঘের সাধারণ পরিষদের কততম অধিবেশনে মাননীয় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ভাষণ প্রদান করেন?**
উত্তর: ৭৯তম অধিবেশনে

**খ. নথুলা পাস কোন দুটি দেশকে সংযুক্ত করেছে?**
উত্তর: নথুলা পাস সংযুক্ত করেছে ভারত ও চীনকে

**গ. ৭ দিনে সপ্তাহ গণনা শুরু করেন কারা?**
উত্তর: ৭ দিনে সপ্তাহ গণনা শুরু করেন ক্যালডীয়রা

**ঘ. নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান কে?**
উত্তর: নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনের প্রধান ড. বদিউল আলম মজুমদার

**ঙ. এক অশ্ব পাওয়ার সমান কত ওয়াট?**
উত্তর: এক অশ্ব পাওয়ার সমান ৭৪৬ ওয়াট

**চ. ছাত্র-জনতার অভ্যুত্থানে গ্রাফিতি চিত্রের ভাষায় উঠে আসা 'আসছে ফাল্গুনে আমরা কিন্তু দ্বিগুণ হব' উক্তিটির স্রষ্টা কে?**
উত্তর: জহির রায়হান

**ছ. সম্রাট অশোক কোন বংশের রাজা ছিলেন?**
উত্তর: সম্রাট অশোক মৌর্য বংশের রাজা ছিলেন

**জ. বিশুদ্ধ পানি রপ্তানিতে শীর্ষ দেশ কোনটি?**
উত্তর: বিশুদ্ধ পানি রপ্তানিতে শীর্ষ দেশ ফ্রান্স

**ঝ. বাংলাদেশের দীর্ঘতম একক রেলসেতু কোনটি?**
উত্তর: বাংলাদেশের দীর্ঘতম একক রেলসেতু যমুনা রেল সেতু

**ঞ. জি-জিরো বলতে কি বোঝায়?**
উত্তর: কপ-২৯ সম্মেলনে কার্বন নিরপেক্ষ ৪টি দেশ নিয়ে গঠিত নতুন ফোরাম 'জি-জিরো'।

**ট. সঞ্চিতা ও সঞ্চয়িতা কাব্য সংকলন দুটির রচয়িতা কে কে?**
উত্তর: সঞ্চিতা ও সঞ্চয়িতা কাব্য সংকলনের রচয়িতা যথাক্রমে কাজী নজরুল ইসলাম ও রবীন্দ্রনাথ ঠাকুর

বিসিএস, ব্যাংক, প্রাইমারি, নিবন্ধন ও ১১-২০তম গ্রেডের সকল চাকরির পরীক্ষার সেরা প্রস্তুতিতে দেশসেরা প্রতিষ্ঠান "Biddabari"-এর সাথে যুক্ত থাকুন।